

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পূর্ব ইউরোপ ও সিআইএস অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪৮৪.৫৭.৬০২.২৩.৫০২

তারিখঃ ১৩ নভেম্বর ২০২৩

প্রেরকঃ জি. এম. ইফতেখার
সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোঃ শফিকুর রহমান
মহাপরিচালক (পশ্চিম এশিয়া)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ ১৫ নভেম্বর ২০২৩ তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠিতব্য “Uniting for Peace in Palestine” শীর্ষক সম্মেলনে যোগদানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (পশ্চিম এশিয়া) জনাব মোঃ শফিকুর রহমান- এর সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১৫ নভেম্বর ২০২৩ তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠিতব্য “Uniting for Peace in Palestine” শীর্ষক সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকালে (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) বর্ণিত কর্মকর্তা সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবেন এবং বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

খ) উপরোল্লিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা যেতে পারে।

গ) উপর্যুক্ত সম্মেলনে যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তা আগামী ১৪ নভেম্বর ২০২৩ বা তার নিকটবর্তী তারিখে তুরস্কের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৬ নভেম্বর ২০২৩ বা তার নিকটবর্তী তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

 13/11/23

(জি. এম. ইফতেখার)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)

ফোন-০২২২৩৩৫০০০৮

ইমেইলঃ aseencis@mofa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/ পূর্ব ইউরোপ ও সিআইএস), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপপ্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, আঙ্কারা/ইস্তাম্বুল
- ৮। অফিস কপি।

(জি. এম. ইফতেখার)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)